

তারিখঃ ১৭-১০-২০২০ (পৃঃ ০৭)



মৌলভীবাজার : নলদারিয়া গ্রামে ধানক্ষেতে হাস্যোজ্জ্বল দু'কৃষক

-সংবাদ

মৌলভীবাজারে ব্রি-৭৫ ধানের বাম্পার ফলন : চাষির মুখে হাসি

একরপ্রতি ফলন ৩০ মণ

আনোয়ারুল ইসলাম জাবেদ, মৌলভীবাজার

মৌলভীবাজারে ব্রি-৭৫ জাতের ধান চাষ করে ভালো ফলনে খুশি কৃষক। একর প্রতি ফলন হয়েছে একর প্রতি প্রায় ৩০ মণ। মৌলভীবাজার জেলা কৃষি বিভাগ জানিয়েছে, বীজতলা থেকে শুরু করে রোপণের মাত্র ১১০-১১৫ দিনে ফসল ঘরে তোলা যায় নতুন এই ব্রি-৭৫ জাতের নতুন এ ধানের। তাছাড়া অন্য ধানের চেয়ে এ ফসলে পোকাকার আক্রমণ ও বিভিন্ন রোগবাহাই একেবারেই কম। আগাম ধান কাটা যায় বলে পরবর্তীতে কৃষকরা একই জমিতে রবিশস্য চাষ করতে পারেন। মৌলভীবাজার জেলায় এ বছরই প্রথমবারের মতো ব্রি-৭৫ জাতের ধান চাষ করেছেন কৃষকরা। কৃষি বিভাগের দেয়া তথ্যমতে, মৌলভীবাজার জেলায় ২২০ জন কৃষকের মধ্যে ১১ হাজার ৭০০ কেজি বীজ বিতরণ হয়েছিল। এ বছর মৌলভীবাজার জেলার সাতটি উপজেলায় ৩৯০ হেক্টর জমিতে ব্রি-৭৫ জাতের ধান চাষাবাদ হয়েছে। সবচেয়ে বেশি চাষাবাদ হয়েছে মৌলভীবাজার সদরে ৪০ হেক্টর ও ফুলাউড়া উপজেলায় ৩৫ হেক্টর জমিতে। উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে, ১

হাজার ৯৫০ মেট্রিক টন ধান। প্রতি হেক্টরে পাঁচ মেট্রিক টন ধান পাওয়ার আশা করা হচ্ছে। মৌলভীবাজার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কাজী লুৎফুল বাবী জানিয়েছে, কম সময়ে অধিক ফলনশীল ব্রি-৭৫ জাতের ধান চাষে কৃষকদের আগ্রহী করতে কৃষকদের কয়েক ধাপে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ-সার বিতরণ করা হয়। এবছর মৌলভীবাজার সদর উপজেলার নলদারিয়া গ্রামের সোহেল আহমদ, মশাহিদ মিয়া, আজাদুর রহমান, সুরক মিয়া, মাহমুদ মিয়া ও আব্দুল হকসহ বেশ কয়েকজন কৃষক ব্রি-৭৫ জাতের ধান চাষ করেছেন। তারা ভালো ফলনে খুশি। কৃষকরা জানিয়েছেন, ধান রোপণের এত কম সময়ে অধিক ফলন এর আগে তারা অন্য কোন ফসল থেকে পাননি। জমিতে কীটনাশকের ব্যবহারও কম করতে হয়েছে। চাল খেতেও সুখাদু। তাছাড়া একই জমিতে সময়মতো রবি শস্য চাষের সুযোগও পাচ্ছেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ইতোমধ্যে আনুষ্ঠানিকভাবে সদর উপজেলার নলদারিয়া গ্রামে কৃষকের প্রদর্শনী মাঠের ফসল কাটার উদ্বোধন করা হয়েছে।